৭

আজকের কাগজ

15 NOV 1994
পৃষ্ঠা ৮২ কলাম ৩

বয়স্ক সাক্ষরতা বিষয়ক আন্তর্জাতিক কর্মশালা

নিরক্ষর বয়স্করা উন্নয়নের পথে বাধা

কাগজ প্রতিবেদক ঃ বিশ্বব্যাপী বয়স্ক সাক্ষরতার হার বৃদ্ধি পেলেও একই সঙ্গে নিরক্ষর বয়স্কের সংখ্যাও আশংকাজনকভাবে বেড়ে চলেছে। উন্নয়নশীল দেশসমূহে বিশেষত মহিলাদের মধ্যে এ সংখ্যা সবচে' বেশি এবং এই নিরক্ষর বয়স্করা উন্নয়নের পথে একটি বড় বাধা ও হুমকিস্বরূপ।

গতকাল সকালে মানিকগঞ্জে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ কেন্দ্রে বয়স্ক সাক্ষরতা বিষয়ক ৪ দিনব্যাপী এক আন্তর্জাতিক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে বিশিষ্ট শিক্ষাবিদ ও গণ সাক্ষরতা অভিযানের পরিচালক ডঃ আব্দুল্লাহ আল-মুতী শরফুদ্দীন এ কথা বলেন। গণ সাক্ষরতা অভিযান ও অ্যাকশন এইড-বাংলাদেশ যৌথভাবে এ কর্মশালার আয়োজন করেছে।

অ্যাকশন এইড বাংলাদেশ-এর ভারপ্রাপ্ত পরিচালক পারভীন মাহমুদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে এডিএ'র শিক্ষা উপদেষ্টা ডেভিড ক্লার্ক বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বয়স্ক শিক্ষা ক্ষেত্রে উদ্ভাবিত নতুন পদ্ধতি 'রিফ্লেক্ট' এর ব্যাখ্যা করেন অ্যাকশন এইড-ইউকে'র শিক্ষানীতি বিশ্লেষক ডেভিড আর্চার।

ডঃ মুর্তী আরো বলেন, সাধারণভাবে মনে করা হয়, বয়স্কদের সাক্ষর করার প্রক্রিয়া অত্যন্ত জটিল ও অপচয় সাপেক্ষ। সে ক্ষেত্রে বয়স্ক সাক্ষরতা বিষয়ক আন্তর্জাতিক পর্যায়ের এ কর্মশালার মধ্যেদিয়ে উন্নয়নশীল দেশসমূহের জন্যে উপযোগী, কার্যকর ও কম খরচের মধ্যে একটি পদ্ধতি নির্ধারণ করা সম্ভব।

'রিফ্লেক্ট' পদ্ধতির লেখক ডেভিড আথার বলেন, এ পদ্ধতিতে বয়স্কদের সমাজ সম্পর্কে জ্ঞান ও অভিজ্ঞতাকে সাক্ষরতার দক্ষতা অর্জনে ব্যবহার করা হয়। কোর্সের প্রত্যেকটি পাঠ শুরু হয় সমাজের বিভিন্ন বিষয় নিয়ে মাটির ওপরে মানচিত্র, দিন পঞ্জিকা এবং রেখাচিত্র অঙ্কনের মধ্যেদিয়ে। শিক্ষার্থীরা তাদের কাছে যে উপাদান পায় তাই'ই ব্যবহার করে মানচিত্র বা ছক আঁকার কাজে। তারপরে এগুলো বড় কাগজের শীটে ছবিসহ অঙ্কন করা হয়। এটাই হচ্ছে সাক্ষরতার প্রথম ধাপ। এ ধাপ শিক্ষার্থীরা যে শব্দ বা বাক্য শেষে তা সরাসরি স্থানীয় অভিজ্ঞতা থেকে উঠে আসা। এভাবে প্রত্যেক সাক্ষরতা দলের শিক্ষার্থীরা নিজেদের শিক্ষাক্রমের বিষয়বস্তু নির্ধারণ করেন।

উল্লেখ্য, 'রিফ্লেক্ট' নামক এই নতুন পদ্ধতি আফ্রিকার উগান্ডা এবং দক্ষিণ আমেরিকার এলসালভাদরে পরীক্ষিত হচ্ছে।